গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : ডা. দীপু মনি, এম.পি.
মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ২৫ জুলাই, ২০২২ খ্রি.
সময় : রাত ০৮.০০ ঘটিকা
সভার স্থান : ভার্চুয়াল

উপস্থিতির তালিকা : ভার্চুয়াল।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি সর্বকালের শ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। একই সাথে তিনি ১৫ আগস্ট নিহত সকল শহীদের রুহের মাগফেরাত কামনা করেন। অত:পর সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত আন্ত: মন্ত্রণালয় সভায় গৃহিত কর্মসূচির সাথে সংগতি রেখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন করার উপর আলোকপাত করেন। সচিব মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রনালয় সভার কার্যবিবরণীর আলোকে প্রণীত কর্মসূচি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | শিক্ষা মন্ত্রণালয়ের উভয় বিভাগ এবং শিক্ষা মন্ত্রণালয়াধীন সকল অধিদপ্তর/সংস্থা/দপ্তর এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ১৫ আগস্ট, ২০২২ তারিখ সোমবার জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। | ১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন,<br>২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,<br>৩. মহাপরিচালক, মাউশি/কারিগরি শিক্ষা/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,<br>৪. সকল দপ্তর/সংস্থা প্রধান |
| ২. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | শিক্ষা মন্ত্রণালয়ের উভয় বিভাগ এবং শিক্ষা মন্ত্রণালয়াধীন সকল অধিদপ্তর/সংস্থা/দপ্তরসমূহের পক্ষ থেকে ১৫ আগষ্ট, ২০২২ তারিখ সোমবার সকাল ৮:০০ মিনিটে ধানমন্ডিস্থ ৩২ নম্বর রোড়ের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। পুষ্পস্তবক অর্পণকালে উভয় বিভাগের যুগ্মসচিব ও তদুর্দ্ধ পর্যায়ে কর্মকর্তা এবং দপ্তর/সংস্থা থেকে সংস্থার প্রধানসহ অনধিক ০৫ জন উপস্থিত থাকবেন। | ১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,<br>২. সকল দপ্তর/সংস্থা প্রধান। |
| ৩. | শিক্ষা প্রতিষ্ঠান এবং গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের | ১ . জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জেলা তথ্য অফিসারের সাথে যোগাযোগ করে পোস্টার সংগ্রহপূর্বক শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যান্য সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রচারের ব্যবস্থা করবে। যাদের এলইডি | ১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, |

| | | | |
|---|---|---|---|
| | মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ। আগস্ট মাস ব্যাপী কালো ব্যাজ ধারণ | বোর্ড রয়েছে তারা এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করবে।<br>২. সকল দপ্তর/সংস্থার কার্যালয়ের এবং শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষা সংশ্লিষ্ট অফিসসমূহের দৃশ্যমান স্থানে জাতীয় শোক দিবসের ভাবগাম্ভীর্য অক্ষুন্ন রেখে ব্যানার স্থাপন করতে হবে। ব্যানারসমূহ পুরো আগষ্ট মাস প্রদর্শন করা যেতে পারে। বিবর্ণ, ছেড়া ব্যানার ব্যবহার করা যাবে না। ব্যানার বিবর্ণ হলে প্রয়োজনে পুনঃস্থাপন করতে হবে।<br>৩. পোস্টার এবং ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ছবি ব্যতিত অন্য ছবি ব্যবহার করা যাবে না।<br>৪. মন্ত্রণালয় থেকে ব্যানারের নমুনা তৈরি করে সকল দপ্তর, সংস্থায় প্রেরণ করা হবে। দপ্তর, সংস্থা তা অনুসরণ করবে।<br>৫. শিক্ষা মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ আগস্ট মাস ব্যাপী কালো ব্যাজ ধারণ করবে। | ২. মহাপরিচালক, মাউশি/কারিগরি শিক্ষা/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,<br>৩. সকল দপ্তর/সংস্থা প্রধান। |
| ৪. | সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত, প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন। ছাত্র/ছাত্রীদের জন্য সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠানের আয়োজন। | (ক) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। আলোচনায় আমন্ত্রিত অতিথিবৃন্দকে প্রস্তুতি নেয়ার সুবিধার্তে নির্ধারিত দিন-তারিখের পূর্বেই অবগত করতে হবে।<br>(খ) মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে হামদ-নাত প্রতিযোগিতা আয়োজন করবে।<br>(গ) শিক্ষার্থীদের বয়সভিত্তিক গ্রুপে বিভক্ত করে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে এবং পরবর্তীতে পুরস্কার বিতরণের আয়োজন করতে হবে।<br>(ঘ) সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় স্ব স্ব ব্যবস্থাপনায় জাতীয় কর্মসূচির আলোকে কর্মসূচি প্রণয়ন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনে জন্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বিষয়টি তত্বাবধান করবে।<br>(ঙ) সকল সংস্থা/দপ্তর তাদের সুবিধাজনক সময়ে আলোচনা সভার আয়োজন করবে।<br>(চ) মন্ত্রণালয় এর আয়োজনে ভার্চুয়াল প্লাটফর্মে আলোচনা সভার আয়োজন করা হবে। | ১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন,<br>২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,<br>৩. মহাপরিচালক, মাউশি/কারিগরি শিক্ষা/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। |
| ৫. | জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার নির্দেশনা প্রদান। | জাতীয় কর্মসূচির আলোকে জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালনের জন্য জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন আয়োজিত সকল অনুষ্ঠানে জেলা ও উপজেলায় কর্মরত শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা/দপ্তরসমূহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | ৩. মহাপরিচালক, মাউশি/কারিগরি শিক্ষা/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,<br>২. চেয়ারম্যান, সকল শিক্ষা বোর্ড। |
| ৬. | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে অধীনস্থ সংস্থা ও দপ্তরে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন। | জাতীয় কর্মসূচির আলোকে মন্ত্রণালয়ের অধিদপ্তর, সংস্থা, দপ্তরসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করবে। | ১. সকল দপ্তর/সংস্থা প্রধান। |
| ৭. | বঙ্গবন্ধুর অসমাপ্ত | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারগারের রোজনামচা, | ১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী |

| | | | |
|---|---|---|---|
| | আত্মজীবনী, কারগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং বিভিন্ন অনুষ্ঠান, উপানষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ। | সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং বিভিন্ন রাষ্ট্রীয় অনুষ্ঠান, কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কমিশন,<br>২. মহাপরিচালক, মাউশি/কারিগরি শিক্ষা/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।<br>৩. চেয়ারম্যান, সকল শিক্ষা বোর্ড। |
| ৮. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর উপর রচিত বইসমূহ সংগ্রহ ও বিতরণ। | ১. বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারগারের রোজনামচা, আমার দেখা নয়া চীন বইসমূহ এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর উপর রচিত বইসমূহ ক্রয় করতে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান আর্থিকভাবে অসচ্ছল তা যাচাই-বাছাইপূর্বক তার তালিকা প্রণয়ন করে সামর্থ্যের মধ্যে সম্ভব সংখ্যক প্রতিষ্ঠানে বিনামূল্যে বই সরবরাহ করার জন্য চেয়ারম্যান, সকল শিক্ষা বোর্ডের প্রতি অনুরোধ করা হয়।<br>২. উক্ত বই কোন শিক্ষা বোর্ড কতটি প্রতিষ্ঠানে সরবরাহ করেছে তার একটি তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | ১. চেয়ারম্যান, সকল শিক্ষা বোর্ড। |
| ৯. | শিক্ষার্থীদের অংশগ্রহণ ও পরিচালনায় জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজন । | ১.কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ের বঙ্গবন্ধুর ওপর আয়োজিত কুইজ প্রতিযোগিতায় কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ের জাতীয় শোক দিবস অনুষ্ঠানে শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব করার সুযোগ করে দিতে হবে।<br>২. বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক একটি অনুষ্ঠান শিক্ষার্থীদের অংশগ্রহণ ও পরিচালনায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তাদের স্টুডিওর মাধ্যমে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় তাদের নিজস্ব ব্যবস্থাপনায় রেকর্ড করে সংসদ বাংলাদেশ টেলিভিশনে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | ১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন,<br>২. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়।<br>৩. উপাচার্য, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ।<br>৪. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,<br>৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,<br>৬. মহাপরিচালক, কারিগরি/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত /-
২৭.০৭.২০২২
(ডা. দীপু মনি, এম.পি.)
মাননীয় মন্ত্রী

নং-৩৭.০০.০০০০.০৬২.০৪.০০৬.১৭ (অংশ)-**১২৫** তারিখ: ১২ শ্রাবণ, ১৪২৯ / ২৭ জুলাই, ২০২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি), ঢাকা।
৩. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪. উপাচার্য, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
৫. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষা নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.), ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
১০. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১১. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
১২. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্স্টিটিউট, ঢাকা।
১৩. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা।
১৪. ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন, ঢাকা।
১৫. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৬. যুগ্মসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
১৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীকে অবহিত করার অনুরোধসহ)।
১৮. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রীকে অবহিত করার অনুরোধসহ)।
১৯. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
২০. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
২১. সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
২২. সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
২৩. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়কে অবহিত করার অনুরোধসহ)।
২৪. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সচিব মহোদয়কে অবহিত করার অনুরোধসহ)।
২৫. অফিস কপি।

২৭/০৭/২০২২

(সাইফুর রহমান খান)
উপসচিব